

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
প্রশাসন-২ শাখা
www.mefwd.gov.bd

নম্বর: ৫৯.০০.০০০০.১০৫.৯৯.০০৩.২০.৩২৫

তারিখ: ১৬-০৪-২০২০ খ্রি.

শোকবার্তা

সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজের মেডিসিন বিভাগের সহকারী অধ্যাপক ডা. মোঃ মঈন উদ্দীন করোনা ভাইরাসে (কোভিড-১৯) আক্রান্ত হয়ে কুর্মিটোলা জেনারেল হাসপাতালের নিবিড় পরিচর্যা কেন্দ্রে চিকিৎসাধীন অবস্থায় গত ১৫-০৪-২০২০ তারিখ সকাল ৭.০০টায় মৃত্যুবরণ করেন (ইমালিন্গাহে ওয়াইনাইলাইহে রাজ্জউন)। মৃত্যুকালে তিনি স্ত্রী, দুই পুত্র সন্তান এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

ডা. মোঃ মঈন উদ্দীন ছিলেন ঢাকা মেডিকেল কলেজের ৪৮তম ব্যাচের ছাত্র এবং ২২তম বিসিএস স্বাস্থ্য ক্যাডারের একজন চৌকস কর্মকর্তা। তিনি কর্মজীবনে ছিলেন একজন সৎ, দক্ষ, পরিশ্রমী এবং সর্বোপরি একজন নিবেদিত প্রাণ চিকিৎসক। কোভিড-১৯ এর বিরুদ্ধে চলমান যুদ্ধে তিনি ছিলেন অগ্রসেনানী। একজন নিষ্ঠাবান চিকিৎসক ও চিকিৎসা বিদ্যার শিক্ষক হিসেবে তাঁর এ আত্মত্যাগ জাতি কৃতজ্ঞতাভরে স্মরণ রাখবে।

তাঁর মৃত্যুতে সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং এ বিভাগ ও অধীনস্থ সকল অধিদপ্তর, দপ্তর/সংস্থার কর্মকর্তা-কর্মচারীদের পক্ষে গভীর শোক প্রকাশ করা হলো। ডা. মোঃ মঈন উদ্দীনের বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং শোক সম্বলিত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করা হলো।

স্বাক্ষরিত
মোহাম্মদ আবদুল কাদের
উপসচিব
ফোন: ৯৫৪০৯২২
ইমেইল: admin2@mefwd.gov.bd

নম্বর: ৫৯.০০.০০০০.১০৫.৯৯.০০৩.২০.৩২৫

তারিখ: ১৬-০৪-২০২০ খ্রি.

বিতরণ: সদয় অবগত/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সাচিবালয়, ঢাকা
- ০২। মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ০৩। উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়
- ০৪। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর/নিপোর্ট/নাসিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
- ০৫। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ০৬। যুগ্মসচিব (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ০৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ০৮। উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা : শোকবার্তাটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ০৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ/ স্বাস্থ্য সেবা বিভাগ
- ১০। উপসচিব (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১১। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১২। জনসংযোগ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়: শোকবার্তাটি স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত
মোহাম্মদ আবদুল কাদের
উপসচিব